

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭১১.২২ নথির বিষয়: “পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ”-প্রশিক্ষণ সংক্রান্ত নথি

নোট: ১৬ নোটের বিষয়: “পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ”-শীর্ষক প্রশিক্ষণ (APA আওতাভুক্ত) (৫ম এবং ৬ষ্ঠ ব্যাচ) আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১৬.০ - তারিখঃ ২৮/১/২৪ ১২:২৯ অপরাহ্ন

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোনসমূহে আউটসোর্সিংহিসেবে (Outsourcing Basis) কর্মরত পাম্প চালকদের (পিও) জন্য ০১ (এক) কর্ম-দিবসব্যাপী “পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ”-শীর্ষক প্রশিক্ষণ (APA আওতাভুক্ত) ৫ম ব্যাচ আগামী ০১ এপ্রিল’২০২৪ এবং ৬ষ্ঠ ব্যাচ ০২ এপ্রিল’২০২৪তারিখে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৩.৩০ টা পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উল্লেখ্য যে, গত ১৯/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসন উইং এর মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণের ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত দিক নির্দেশনার আলোকে প্রশিক্ষণার্থীগণ সফলভাবে কোর্স টি সম্পন্ন করছেন। উল্লেখ্য যে, বর্ণিত কোর্স টি পবিত্র রমযান মাসে অনুষ্ঠিত হবে বিধায় আপ্যায়ন ব্যয় হিসেবে ইফতার বক্স দেওয়া হবে, এতে ইতোমধ্যে অনুষ্ঠিত কোর্সের বাজেট ব্যয়ের অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে না। কোর্সটিতে অংশগ্রহণকারী আউটসোর্সিং হিসেবে কর্মরত পাম্প চালকগণ যাতে জাতীয় গুদাচার কৌশল, পাম্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, ক্লোরিনেশন সিস্টেম এবং তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সম্যক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করতে পারে, সে আলোকে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি)। কোর্সটিতে ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মডস জোন সমূহের নির্বাহী প্রকৌশলীগণ কতৃক প্রেরিত তালিকা থেকে প্রশিক্ষণার্থীগণের তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি)।

সংযুক্তিসমূহ (৪):

- ১। Program Pump OS 5th & 6th Batch.PDF.
- ২। Program Pump OS 5th & 6th Batch.PDF.
- ৩। Participants List OS 5th Batch.PDF.
- ৪। Participants List OS 6th Batch.PDF.

অনুচ্ছেদ ১৬.১ - তারিখঃ ২৮/১/২৪ ১২:৩০ অপরাহ্ন

উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

ক্র. ন	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
১.	প্রশিক্ষকদের সম্মানী	৭,১০০/-	(১ সেশন ২,০০০/- + ২ সেশন ১,৫০০/- + ৩ সেশন ৭০০/-)
২.	প্রশিক্ষণার্থীদের ভাতা	৮,০০০/-	(২০ জন, ১ দিন, ৪০০/- হারে)
৩.	প্যাড ও কলম	১,৮০০/-	(২০ জন x ৯০/- টাকা হারে)
৪.	পাটের তৈরী ব্যাগ	৫,৫০০/-	(২০জন x ২৭৫/-টাকা হারে)
৫.	ইফতার বক্স (প্রশিক্ষণার্থী, বক্তা ও স্টাফসহ)	১৩,৫০০/-	(২৭জন, ১ দিন x ৫০০/- টাকা হারে)
৬.	পানি	৬০০/-	(৫কেস x ১২০/- টাকা হারে)

৭.	ফিল্ড ভিজিট, ফটোকপি ও বিবিধ ব্যয়	২,৫০০/-	
	১ টি কোর্সের মোটব্যয়=	৩৯,০০০ /-	
	২ টি কোর্সের মোট ব্যয়=	৭৮,০০০/ -	

সর্বমোট=৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১৬.২ - তারিখ: ২৮/১/২৪ ১২:৩১ অপরাহ্ন

এমতাবস্থায়, ২ টি ব্যাচে সর্বমোট ৪০ (চল্লিশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে ২ টি কোর্সে সর্বমোট=৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকা মাত্র ব্যয়ের এবং প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।



২৮/১/২৪ ১২:৩১ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন
ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র



২৮/১/২৪ ১২:৩৭ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৯/১/২৪ ১০:০৮ পূর্বাহ্ন
মোঃ আব্দুলরাজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

২৯/১/২৪ ১০:০৮ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১৬.৩ - তারিখ: ১০/২/২৪ ১২:২২ পূর্বাহ্ন

Okay



১০/২/২৪ ১২:২২ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১০/২/২৪ ২:০৫ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১০/২/২৪ ৬:৫৪ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন
ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র